# জাতীয় স্বার্থের ভিত্তিতে প্রতিবেশীদের সঙ্গে সম্পর্ক চায় জামায়াত




গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার দাবি করেছেন, বাংলাদেশের রাজনীতি, অর্থনীতি ও রাষ্ট্রীয় বিভিন্ন বিষয়ে ভারতের দিল্লির প্রভাব রয়েছে। তার ভাষায়, দেশের অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও রাজনৈতিক পরিস্থিতির নিয়ন্ত্রণ কার্যত সেখান থেকেই পরিচালিত হয়।

শুক্রবার (১৭ জুলাই) নরসিংদী শিশু একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত দলের সদস্য (রুকন) সম্মেলন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

গোলাম পরওয়ার বলেন, দেশের রাজনীতি, ক্ষমতার পালাবদল, অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য ও সাংস্কৃতিক অঙ্গনসহ নানা ক্ষেত্রে বিদেশি প্রভাব নিয়ে মানুষের মধ্যে উদ্বেগ রয়েছে। প্রতিবেশী দেশগুলোর সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখার পক্ষে অবস্থান জানিয়ে তিনি বলেন, সেই সম্পর্ক অবশ্যই বাংলাদেশের জাতীয় স্বার্থ ও মর্যাদা রক্ষার ভিত্তিতে হতে হবে।

তিনি অভিযোগ করেন, আন্তর্জাতিক আইনি রীতি ও কূটনৈতিক শিষ্টাচারের বাইরে গিয়ে কিছু বিষয়ে ভারতের ভূমিকা প্রশ্নের জন্ম দিয়েছে। এ ধরনের পদক্ষেপ জনগণের মধ্যে অসন্তোষ তৈরি করছে বলেও মন্তব্য করেন তিনি।

LENS ASIA

শেখ হাসিনাকে ঘিরে চলমান বিচারিক প্রক্রিয়ার বিষয়ে গোলাম পরওয়ার বলেন, বিষয়টি বর্তমানে আইন ও আদালতের অধীনে রয়েছে। এ নিয়ে সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব সংশ্লিষ্ট রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর ওপরই ছেড়ে দেওয়া উচিত।

রাষ্ট্র সংস্কার প্রসঙ্গে তিনি বিএনপির অবস্থানেরও সমালোচনা করেন। তার দাবি, আগে সংস্কারের পক্ষে অবস্থান নেওয়া হলেও এখন দলটি শুধুমাত্র সংবিধান সংশোধনের কথা বলছে, যা তাদের আগের ঘোষণার সঙ্গে সাংঘর্ষিক।

বিএনপির প্রতি আহ্বান জানিয়ে জামায়াতের এই নেতা বলেন, রাজনৈতিক সংঘাত এড়িয়ে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম এগিয়ে নেওয়া উচিত। একই সঙ্গে জুলাই সনদ বাস্তবায়নের বিষয়েও তিনি গুরুত্বারোপ করেন।

দেশের সার্বিক পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে গোলাম পরওয়ার বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি, জনদুর্ভোগ এবং বন্যা-পরবর্তী পুনর্বাসন কার্যক্রমে আরও কার্যকর পদক্ষেপ প্রয়োজন। বিশেষ করে ক্ষতিগ্রস্ত মানুষের কাছে পর্যাপ্ত সহায়তা পৌঁছে দেওয়া এবং দ্রুত পুনর্বাসনের উদ্যোগ নেওয়ার ওপর তিনি জোর দেন।